# স্বর্গ

## একটি প্রকৃত স্থান



আশিস রাইচুর

**শুধুমাত্র বিনামূল্যে বিতরণের জন্য**

অল পিপালস্ চার্চ অ্যান্ড ওয়ার্ল্ড আউটরিচ, বেঙ্গালুরু, ভারতবর্ষ দ্বারা মুদ্রিত ও বণ্টিত।
বর্তমান সংস্করণ: 2023

**যোগাযোগ করার জন্য ঠিকানা**
All Peoples Church & World Outreach,
# 319, 2nd Floor, 7th Main, HRBR Layout,
2nd Block, Kalyan Nagar, Bangalore 560 043
Karnataka, INDIA

ফোন নম্বর: +91-80-25452617
ই-মেইল: **bookrequest@apcwo.org**
ওয়েবসাইট: **apcwo.org**

অন্যথায় নির্দেশিত না হলে, সমস্ত শাস্ত্রের উদ্ধৃতি বাংলা পুরাতন সংস্করণ, (BSI) বাইবেল থেকে নেওয়া হয়েছে। বাইবেল সোসাইটি অফ ইন্ডিয়া দ্বারা কপিরাইট © 2016। অনুমতি দ্বারা ব্যবহৃত। সমস্ত অধিকার সংরক্ষিত।

**অর্থনৈতিক অংশীদারিত্ব**
অল পিপলস চার্চের সদস্য, অংশীদার এবং বন্ধুদের আর্থিক সহায়তার মাধ্যমে এই প্রকাশনার বিনামূল্যে বিতরণ সম্ভব হয়েছে। আপনি যদি এই বিনামূল্যের প্রকাশনার মাধ্যমে সমৃদ্ধ হয়ে থাকেন, তাহলে আমরা আপনাকে অল পিপলস চার্চ থেকে বিনামূল্যে প্রকাশনা মুদ্রণ এবং বিতরণে সহায়তা করার জন্য আর্থিকভাবে অবদান রাখার জন্য আমন্ত্রণ জানাচ্ছি। আপনি যদি জানতে চান যে কীভাবে আপনি এই অবদান করতে পারেন, তাহলে অনুগ্রহ করে **apcwo.org/give** ওয়েবসাইটে যান অথবা এই পুস্তকের পিছনে "অল পিপলস চার্চ-এর সাথে অংশীদারিত্ব করুন" পৃষ্ঠাটি দেখুন। ধন্যবাদ!

**বিনামূল্যের সম্পদ এবং সম্পর্কিত ওয়েবসাইটগুলি**
**প্রচার:** apcwo.org/sermons | **পুস্তক:** apcwo.org/books | **চার্চ অ্যাপ:** apcwo.org/app
**বাইবেল কলেজ:** apcbiblecollege.org | **ই-লার্নিং:** apcbiblecollege.org/elearn
**পরামর্শ দান:** chrysalislife.org | **সঙ্গীত:** apcmusic.org
**পরিচর্যাকারীদের সহভাগীতা:** pamfi.org | **APC ওয়ার্ল্ড মিশনস্:** apcworldmissions.org

# স্বর্গ

## একটি প্রকৃত স্থান

# সূচীপত্র


1. এই জীবনের পরের এক জীবন 2
2. এই পৃথিবী থেকে বেরিয়ে স্বর্গে পা রাখা 3
3. প্রস্থান করে যীশুর সাথে থাকা অনেক বেশী শ্রেয় 4
4. স্বর্গ একটি অসাধারণ স্থান 5
5. এই সকল কথা বলে পরস্পরকে সান্ত্বনা দিন 6
6. কিছু প্রশ্ন যার উত্তর নেই 7
7. যতদিন আমরা এই পৃথিবীতে রয়েছি 8

# 1
# স্বর্গ—একটি প্রকৃত স্থান

2000 সালের 25 ডিসেম্বর আমার মা এই পৃথিবী ছেড়ে যীশুর কাছে চলে যান। আমার বাবা, বোন, আমি এবং আরও কয়েকজন এই পৃথিবীতে মায়ের শেষ কয়েকটা মুহূর্ততে তার পাশে ছিলাম। সময় ছিল বিকাল 4:30। প্রত্যেকটি নিঃশ্বাস তিনি অত্যন্ত কষ্টের সাথে নিতেন। তারপর ধীরে ধীরে, একটি নিভে যাওয়া মোমবাতির মতো, তার নিঃশ্বাসগুলিও ক্ষীণ হতে লাগল। ক্যান্সার তার ফুসফুস সম্পূর্ণ ভাবে গ্রাস করে ফেলেছিল এবং ডাক্তার আর কিছু করার অবস্থায় ছিল না যা আমার মাকে সুস্থ করে তুলতে পারে। সেই শেষ মুহূর্তগুলিতে, তার হাতটি আমার হাতের মধ্যে ধরে, আমি আত্মায় প্রার্থনা করতে লাগলাম। আমাদের প্রভু যীশুর এই কথাগুলি—*"আমিই পুনরুত্থান ও জীবন"*—সঙ্গে সঙ্গে আমার স্মরণে এলো। আমি জানতাম যে বাকি পদটি কী বলে, কিন্তু আমি সেই বিষয়টির উপর স্থির থাকতে চাইনি। আমি মেনে নিতে পারছিলাম না যে আমার মা মারা যেতে চলেছেন। আমি প্রার্থনা করলাম, "যীশু, তুমি বলেছ যে তুমি পুনরুত্থান ও জীবন"। আমি এই কথাটি বারংবার বলতে লাগলাম। আমি আশা করছিলাম যে আমার মা অলৌকিক ভাবে আবার সুস্থ হয়ে উঠবেন। কিন্তু কিছুক্ষণের মধ্যেই, তিনি মারা গেলেন। আমাদের চোখ বেয়ে জল বইতে লাগল ও ভাঙ্গা গলায় আমরা এই গানটি গাওয়ার চেষ্টা করছিলাম, "হি ইস লর্ড, হি ইস লর্ড। হি হ্যাস রিসেন ফ্রম দ্যা ডেড অ্যান্ড হি ইস লর্ড"।

তার পরের কয়েকটি দিন ধরে আমি অনেক শাস্ত্রাংশ পড়তে লাগলাম যা মৃত্যু এবং পরবর্তী জীবনের বর্ণনা প্রদান করে। মৃত্যু এবং স্বর্গ সম্পর্কে বাইবেল যা কিছু বলে, সেইগুলি বিশ্বাস করার আমি সিদ্ধান্ত নিলাম। এই শাস্ত্রাংশগুলি আমাদেরকে এক মহান শক্তি, সান্ত্বনা, শান্তি, সাহস, এবং প্রত্যয় প্রদান করেছিল। এই পুস্তকে আমি সেই বিষয়গুলির কিছু আপনাদের সাথে ভাগ করে নেবো। আমাদের সবাই, কোনো না কোনো

সময়ে, মৃত্যুর এবং প্রিয়জনদের হারানোর অভিজ্ঞতা লাভ করবো। আমার প্রার্থনা এই যে, ঈশ্বরের বাক্য যা আমাদেরকে সান্ত্বনা প্রদান করেছিল, আপনাদের প্রয়োজনের সময়েও তা করবে।

প্রত্যেক মানুষ একদিন না একদিন মারা যাবে। শাস্ত্র আমাদের শেখায়, *"আর যেমন মনুষ্যের নিমিত্ত এক বার মৃত্যু, তৎপরে বিচার নিরূপিত আছে"* (ইব্রীয় 9:27)। এটি পুনর্জন্মের ধারণাটিকে বাতিল করে—জন্ম-মৃত্যু-জন্মের চক্র—যেটা অনুযায়ী মানুষ মনে করে যে তারা পূর্ব জন্মের পাপগুলিকে সংশোধন করার সুযোগ পাবে। প্রত্যেক মানুষ এই জীবনের মধ্যে দিয়ে মাত্র একবার গমন করে, তারপর মৃত্যুর সম্মুখীন হয়, তাদেরকে বাদ দিয়ে যারা *"মেঘযোগে"* নীত হবে (I থিষলনীকীয় 4:17), এবং তারপর অনন্তকাল ধরে সময় অতিবাহিত করবে।

মানুষ অনন্তকালীন জীব। আমাদের বর্তমানের পার্থিব দেহ আমাদের অনন্তকালীন অংশের—আমাদের আত্মা ও প্রাণের একটি পার্থিব তাম্বু মাত্র। মৃত্যু শুধুমাত্র আমাদের প্রাণ ও আত্মাকে এই দেহ থেকে আলাদা করে দেয়। আমাদের অনন্তকালীন অংশ—আমাদের আত্মা ও প্রাণ—আমাদের পার্থিব দেহ ত্যাগ করে মৃত্যুর সময়ে (যাকোব 2:26)। একজন মানুষের আত্মা ও প্রাণের অস্তিত্ব চিরকাল থাকবে, হয় সেটা স্বর্গে, অথবা সেটা নরকে।

## এই জীবনের পরের এক জীবন

**যোহন 11:25,26**
**25 যীশু তাঁহাকে কহিলেন, আমিই পুনরুত্থান ও জীবন; যে আমাতে বিশ্বাস করে, সে মরিলেও জীবিত থাকিবে;**
**26 আর যে কেহ জীবিত আছে, এবং আমাতে বিশ্বাস করে, সে কখনও মরিবে না; ইহা কি বিশ্বাস কর?**

আমরা যারা বাইবেল বিশ্বাস করি, আমরা সুনিশ্চিত যে মৃত্যু আমাদের অন্তিম পরিণতি নয়। যারা যীশুকে বিশ্বাস করে মারা যায়, তারা চিরকাল জীবিত থাকবে। যখন খ্রীষ্টেতে একজন বিশ্বাসী মারা যায়, সেই সময়ে সেই বিশ্বাসীর প্রাণ ও আত্মা স্বর্গে যীশুর কাছে চলে যায়। সেই ব্যক্তির

দেহ নিষ্প্রাণ হয়ে পড়ে, কিন্তু তবুও সেই ব্যক্তি জীবিত থাকে। সেই ব্যক্তি শুধুমাত্র একটা ভিন্ন জগতে বাস করতে থাকে—এমন একটা জগত যেটাকে আমরা সাধারণ দৃষ্টিতে দেখতে পাই না। একদিন, *"...ঈশ্বর যীশু দ্বারা নিদ্রাগত লোকদিগকেও সেইরূপে তাঁহার সহিত আনয়ন করিবেন ...আর যাহারা খ্রীষ্টে মরিয়াছে, তাহারা প্রথমে উঠিবে"* (I থিষলনীকীয় 4:14,16)।

এই কারণে বাইবেল মৃত্যুকে একটি *"নিদ্রা"* বলে উল্লেখ করে (I থিষলনীকীয় 4:13-15)। আমাদের স্বাভাবিক দৃষ্টিকোণ থেকে, যেহেতু দেহ নিষ্প্রাণ হয়ে পড়ে একজন ব্যক্তির নিদ্রার সময়, সেই কারণে মৃত্যুকে নিদ্রা বলে মনে করা হয়। শীঘ্রই, যখন দিন শেষ হবে এবং প্রভু যীশু, যিনি *"ধার্মিকতার সূর্য"* (মালাখি 4:2) এবং *"জগতের জ্যোতি"* (যোহন 8:12) আসবেন, তখন যারা মারা গিয়েছে, তারা তাদের "নিদ্রা" থেকে উঠবে একটি নতুন পুনরুত্থিত দেহ নিয়ে।

যেহেতু আমরা নিশ্চিত হয়েছি যে এই জীবনের পরেও একটা জীবন রয়েছে—উভয় বর্তমানে এবং পুনরুত্থানের সময়ে—আমরা *"অন্যদের মতো দুঃখ করি না, যাদের কোনো প্রত্যাশা নেই"* (I থিষলনীকীয় 4:13)। আমদের মধ্যে সন্দেহের লেশমাত্র নেই যে যারা খ্রীষ্টেতে মারা গিয়েছে, তারা এই মুহূর্তেও জীবিত রয়েছে। তাদের শারীরিক দেহকে উত্থাপিত করা হবে, এবং আমরা তাদেরকে দেখতে পাব। এই মৃত্যু—এই বিচ্ছিন্ন হওয়ার মুহূর্ত—ক্ষণিকের মাত্র।

## এই পৃথিবী থেকে বেরিয়ে স্বর্গে পা রাখা

**2 করিন্থীয় 5:1-8**

**1 কারণ আমরা জানি, যদি আমাদের এই তাম্বুরূপ পার্থিব বাটী ভাঙ্গিয়া যায়, তবে ঈশ্বরদত্ত এক গাঁথনি আমাদের আছে, সেই বাটী অহস্তনির্ম্মিত, অনন্তকালস্থায়ী ও স্বর্গে স্থিত।**

**2 কারণ বাস্তবিক আমরা এই তাম্বুর মধ্যে থাকিয়া আর্ত্তস্বর করিতেছি, ইহার উপরে স্বর্গ হইতে প্রাপ্য আবাস-পরিহিত হইবার আকাঙ্ক্ষা করিতেছি;**

**3 পরিহিত হইলে পর আমরা ত উলঙ্গ থাকিব না।**

**4 আর বাস্তবিক এই তাম্বুতে থাকিয়া আমরা ভারাক্রান্ত হওয়াতে আর্ত্তস্বর করিতেছি; কেননা আমরা পরিচ্ছদ-বিহীন হইতে বাঞ্ছা করি না, কিন্তু ইহার উপরে পরিহিত হইতে বাঞ্ছা করি, যেন যাহা মর্ত্ত্য, তাহা জীবনের দ্বারা কবলিত হয়।**

**5 আর যিনি আমাদিগকে ইহারই নিমিত্ত প্রস্তুত করিয়াছেন, তিনি ঈশ্বর, তিনি আমাদিগকে আত্মা বায়না দিয়াছেন।**
**6 অতএব আমরা সর্ব্বদা সাহস করিতেছি, আর জানি, যত দিন এই দেহে নিবাস করিতেছি, তত দিন প্রভু হইতে দূরে প্রবাস করিতেছি;**
**7 কেননা আমরা বিশ্বাস দ্বারা চলি, বাহ্য দৃশ্য দ্বারা নয়।**
**8 আমরা সাহস করিতেছি, এবং দেহ হইতে দূরে প্রবাস ও প্রভুর কাছে নিবাস করা অধিক বাঞ্ছনীয় জ্ঞান করিতেছি।**

মানুষেরা যখন খ্রীষ্টেতে মারা যায়, তখন তাদের আত্মা ও প্রাণ এই পৃথিবী ছেড়ে স্বর্গে প্রবেশ করে। তারা তাদের ঠিকানা বদলে নেয়। তারা তাদের পার্থিব বাসার পরিবর্তে একটি স্বর্গীয় বাসা লাভ করে। তারা এই পৃথিবী থেকে "চেক আউট" করে স্বর্গে "চেক ইন" করে। এই পার্থিব বাসায় তারা "আর্ত্তস্বর" করে—সকল প্রকারের কষ্ট, জীবনের চাপ, প্রতিকূলতা, তাড়নার সম্মুখীন হয়, অসুস্থতার সাথে লড়াই করে, এবং আরও অনেক কিছু। কিন্তু যে মুহূর্তে তারা মারা যায়, তারা এই সকল দুর্দশাগুলিকে পিছনে ফেলে স্বর্গে পদার্পণ করে। তারা এই পৃথিবীতে আমাদের মধ্যে অনুপস্থিত থাকে, ও তাদের শারীরিক দেহ থেকে অনুপস্থিত থাকে। কিন্তু, তারা স্বর্গে উপস্থিত থাকে, তারা প্রভুর সাথে থাকে, তারা তাদের অনন্তকালীন বাসায় বাস করতে শুরু করে—এমন এক বাসা যা মানুষের হাতে তৈরি নয়।

## প্রস্থান করে যীশুর সাথে থাকা অনেক বেশী শ্রেয়

**ফিলিপীয় 1:20-24**
**20 এইরূপে আমার ঐকান্তিকী প্রতীক্ষা ও প্রত্যাশা এই যে, আমি কোন প্রকারে লজ্জাপন্ন হইব না, বরং সম্পূর্ণ সাহস সহকারে, যেমন সর্ব্বদা তেমনি এখনও, খ্রীষ্ট জীবন দ্বারা হউক, কি মৃত্যু দ্বারা হউক, আমার দেহে মহিমান্বিত হইবেন।**
**21 কেননা আমার পক্ষে জীবন খ্রীষ্ট, এবং মরণ লাভ।**
**22 কিন্তু মাংসে যে জীবন, তাহাই যদি আমার কর্ম্মের ফল হয়, তবে কোন্‌টী মনোনীত করিব, তাহা বলিতে পারি না।**
**23 অথচ আমি দুইয়েতে সঙ্কুচিত হইতেছি; আমার বাসনা এই যে, প্রস্থান করিয়া খ্রীষ্টের সঙ্গে থাকি, কেননা তাহা বহুগুণে অধিক শ্রেয়ঃ;**
**24 কিন্তু মাংসে থাকা তোমাদের জন্য অধিক আবশ্যক।**

উপরের এই সত্যের দৃষ্টিকোণ থেকে, আমরা যারা বিশ্বাসী, আমাদের জন্য, “মরণ লাভ”। প্রস্থান করে যীশুর সাথে থাকা “বহুগুণে অধিক শ্রেয়ঃ”। মৃত্যু আমাদের জন্য পরাজয় নয়। মৃত্যু শোক করার সময় নয়। মৃত্যু এমন একটি স্থানে প্রবেশ করার মুহূর্ত যেটা অনেক বেশী শ্রেয়, পৃথিবীতে আমাদের সবচেয়ে ভাল মুহূর্তগুলির চেয়েও অনেক বেশী গৌরবময়। আমাদের প্রিয়জনেরা যারা খ্রীষ্টেতে মারা গিয়েছে, এখন সেই বিষয়গুলির অভিজ্ঞতা লাভ করছে যা তারা আগে কখনও করেনি। হ্যাঁ, তাদের চলে যাওয়ার পর তাদের অনুপস্থিতি আমরা অনুভব করে থাকি। আমাদের হৃদয় তাদের সাথে অতিবাহিত করা সঙ্গ ও মুহূর্তগুলির, তাদের সাথে সহভাগীতা করার মুহূর্তগুলির অনুপস্থিতি অনুভব করে। আমরা শুধুমাত্র তাদের অনুপস্থিতির যন্ত্রণা ও তাদেরকে সঙ্গে পাওয়ার চাহিদাকে অনুভব করে থাকি। অপরদিকে, আমাদের প্রিয়জনেরা, এক মহান আনন্দ অনুভব করে থাকে। তারা খ্রীষ্টের উপস্থিতিতে থাকে। এই দৃষ্টিকোণ থেকে যদি তাদের চলে যাওয়াকে দেখি, তাহলে আমরা আমাদের ব্যক্তিগত দুঃখগুলিকে পাশে সরিয়ে রাখতে পারবো এবং তাদের আনন্দে আমরা আনন্দ করতে পারবো—তাদের লাভে আমরা উল্লাস করতে পারবো!!

## স্বর্গ একটি অসাধারণ স্থান

**যোহন 14:1,2**

**1 তোমাদের হৃদয় উদ্বিগ্ন না হউক; ঈশ্বরে বিশ্বাস কর, আমাতেও বিশ্বাস কর।**
**2 আমার পিতার বাটীতে অনেক বাসস্থান আছে, যদি না থাকিত, তোমাদিগকে বলিতাম; কেননা আমি তোমাদের জন্য স্থান প্রস্তুত করিতে যাইতেছি।**

**যোহন 17:24**

**পিতঃ, আমার ইচ্ছা এই, আমি যেখানে থাকি, তুমি আমায় যাহাদিগকে দিয়াছ, তাহারাও যেন সেখানে আমার সঙ্গে থাকে, যেন তাহারা আমার সেই মহিমা দেখিতে পায়, যাহা তুমি আমাকে দিয়াছ, কেননা জগৎ পত্তনের পূর্ব্বে তুমি আমাকে প্রেম করিয়াছিলে।**

আমরা যারা যীশুকে বিশ্বাস করি, আমাদের মধ্যে অধিকাংশ লোকেরা যীশুকে কখনই দেখেনি অথবা তাঁর কণ্ঠস্বর শোনেনি। আমরা হয়তো তাঁর উপস্থিতি অনুভব করেছি, তাঁর আত্মার পরিচালনা অনুভব করেছি, ঈশ্বরের উত্তম বাক্যকে ও আগামী সময়ের শক্তিকে আস্বাদন করে দেখেছি (ইব্রীয় 6:5)। যে মুহূর্তে খ্রীষ্ট বিশ্বাসীরা মারা যায়, তারা

যীশুর কাছে চলে যায়। তিনি যেখানে থাকেন, তারা সেখানেই থাকে এবং তাঁর মহিমা দেখতে পায়। তারা সেই স্থানে প্রবেশ করে যা প্রভু যীশু তাদের জন্য প্রস্তুত করেছে। তারা শুক্লবস্ত্র পরিধান করে (প্রকাশিত বাক্য 3:5)। তারা স্বর্গীয় প্রাণীদেরকে ঈশ্বরের আরাধনা করতে দেখে এবং যিনি সিংহাসনে উপবিষ্ট ও যিনি চিরকাল বিরাজমান, তাঁর মহিমা ও সমাদর করতে থাকে (প্রকাশিত বাক্য 4:9)। তারা সেই নিরন্তর আরাধনায় যুক্ত হয়। তারা সেই লক্ষ লক্ষ মানুষদের সাথে দেখা করে যারা আমাদের আগে সেই স্থানে পৌঁছে গিয়েছে। স্বর্গের মহিমা সম্পর্কে আরও অনেক কিছু আছে, যার কিছু আমরা জানি এবং অনেক কিছু যা আমরা জানি না! আমাদের প্রিয়জনেরা, যারা খ্রীষ্টেতে মারা গিয়েছে, তারা স্বর্গে রয়েছেন—একটি অসাধারণ স্থান!

## এই সকল কথা বলে পরস্পরকে সান্ত্বনা দিন

**I থিষলনীকীয় 4:16-18**

**16 কারণ প্রভু স্বয়ং আনন্দধ্বনি সহ, প্রধান দূতের রব সহ, এবং ঈশ্বরের তূরীবাদ্য সহ স্বর্গ হইতে নামিয়া আসিবেন, আর যাহারা খ্রীষ্টে মরিয়াছে, তাহারা প্রথমে উঠিবে।**
**17 পরে আমরা যাহারা জীবিত আছি, যাহারা অবশিষ্ট থাকিব, আমরা আকাশে প্রভুর সহিত সাক্ষাৎ করিবার নিমিত্ত একসঙ্গে তাহাদের সহিত মেঘযোগে নীত হইব; আর এইরূপে সতত প্রভুর সঙ্গে থাকিব।**
**18 অতএব তোমরা এই সকল কথা বলিয়া এক জন অন্য জনকে সান্ত্বনা দেও।**

মৃত্যু, স্বর্গ, পুনরুত্থান ও মৃত্যুর পর জীবন সম্পর্কে প্রভুর শিক্ষা দেওয়ার একটা কারণ হল মানুষদেরকে প্রত্যাশা দেওয়া। ঈশ্বরের বাক্যের উপর গড়ে ওঠা এই প্রত্যাশার সাথে আমরা পরস্পরকে সান্ত্বনা দিয়ে থাকি। এই শাস্ত্রাংশগুলি আমাদের দেওয়া হয়েছে যাতে আমরা সান্ত্বনা লাভ করতে পারি—প্রভুর কাজ করতে থাকার জন্য শক্তিযুক্ত হই (I করিন্থীয় 15:58)। কিন্তু, আমরা শাস্ত্রের মধ্যে থেকে সান্ত্বনা লাভ করতে ও অনুভব করতে পারবো না যদি আমরা সেইগুলিকে বিশ্বাস করে ও সেই অনুযায়ী পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত না নিই। শাস্ত্র আমাদের যা কিছু শেখায়, সেই অনুযায়ী আমাদের চিন্তাভাবনা, বিশ্বাস, এবং আচরণকে পরিবর্তন করতে হবে।

আমাদের মধ্যে অনেকেই, কষ্টের সময়ে, শাস্ত্রের সান্ত্বনার চেয়েও মানুষের সহানুভূতি পাওয়া বেশী পছন্দ করে। আমাদের ভালো লাগে যখন লোকেরা আমাদের প্রতি মনোযোগ দেয়, এবং সহানুভূতি দেখায়। কিন্তু, মানুষেরা চিরকাল সহানুভূতি দেখাতে পারবে না। এবং যখন এইগুলি থেমে যাবে, তখন আমাদের মনে হবে যে কেউ আমাদের জন্য চিন্তা করে না, এবং কেউ বোঝে না যে আমরা কীসের মধ্যে দিয়ে যাচ্ছি। কিন্তু, সত্য এটা যে আমরা ভুল করছি। শাস্ত্রের সান্ত্বনার চেয়েও মানুষের সহানুভূতির উপর নির্ভর করার একটা দুর্বলতা আমাদের মধ্যে রয়েছে। আমাদেরকে এই দুর্বলতাকে অবশ্যই অতিক্রম করতে হবে। আমরা যেন অবশ্যই ঈশ্বরের বাক্যের উপর ধ্যান করার জন্য ও তাঁর বাক্যের মধ্যে থেকে শক্তি লাভ করার জন্য নিজেদেরকে অনুশাসন করি।

## কিছু প্রশ্ন যার উত্তর নেই

প্রায়ই, এমন সময়ে, অনেক প্রশ্ন আমাদের মনের মধ্যে আসতে পারে যার উত্তর পাওয়া যায় না: কেন কেউ কেউ খুব অল্প বয়সে মারা যায়? কেন তাদেরকে অসুস্থতায়, দুর্ঘটনায়, অথবা কোনো দুর্যোগের কারণে প্রাণ হারাতে হয়? কেন তারা সুস্থতা পেলো না, সুরক্ষা পেলো না, অথবা ঈশ্বরের শক্তি দ্বারা উদ্ধার পেলো না? কেন? কেন? কেন? এই প্রশ্নগুলি অন্তহীন বলে মনে হয়। ঈশ্বরের সাথে গমনাগমনে যত আমরা পরিপক্ক হই, ততই আমরা এই সত্যটিকে গ্রহণ করতে শিখবো যে অনেক প্রশ্ন আছে যার উত্তর আমরা স্বর্গের এই প্রান্তে পাব না। অবশ্যই, আমরা এই প্রকারের উত্তর দেওয়ার প্রচেষ্টা করতে পারি যে "ঈশ্বরের জ্ঞানের প্রকাশের অভাব", অথবা "বিশ্বাসের অভাব", ইত্যাদি আমাদের মধ্যে রয়েছে। কিন্তু এই সকল উত্তরগুলি সেই উত্তর দেওয়ার একটা প্রচেষ্টা করে মাত্র, যেগুলি আমরা জানি না। প্রত্যেকটি পরিস্থিতি অন্য পরিস্থিতির থেকে আলাদা, এবং অনেক কিছুই আমাদের কাছে অজানা। এখনকার জন্য, আমরা আংশিক জানি, কিন্তু যখন যা নিখুঁত ও সিদ্ধ প্রকাশিত হবে, তখন আমরা জানবো (1 করিন্থীয় 13:10,12)। *"নিগূঢ় বিষয় সকল আমাদের ঈশ্বর সদাপ্রভুর অধিকার; কিন্তু প্রকাশিত বিষয় সকল আমাদের ও যুগে যুগে আমাদের সন্তানদের অধিকার, যেন এই ব্যবস্থার সমস্ত কথা আমরা পালন করিতে পারি"* (দ্বিতীয় বিবরণ 29:29)। এটা গ্রহণ করে

নেওয়া বুদ্ধিমানের কাজ হবে যে আমরা হয়তো এই প্রকারের প্রশ্নের নির্দিষ্ট উত্তর কখনই পাবো না। কিন্তু, আমরা যা জানি, সেইগুলি অনুযায়ী যেন জীবনযাপন করতে থাকি।

## যতদিন আমরা এই পৃথিবীতে রয়েছি

**2 করিন্থীয় 5:9,10**

**৯ আর এই কারণ আমরা লক্ষ্য রাখিতেছি, নিবাসে থাকি, কিম্বা প্রবাসী হই, যেন তাঁহারই প্রীতির পাত্র হই।**

**১০ কারণ আমাদের সকলকেই খ্রীষ্টের বিচারাসনের সম্মুখে প্রত্যক্ষ হইতে হইবে, যেন সৎকার্য্য হউক, কি অসৎকার্য্য হউক, প্রত্যেক জন আপনার কৃত কার্য্য অনুসারে দেহ দ্বারা উপার্জ্জিত ফল পায়।**

**ইব্রীয় 12:1**

**অতএব এমন বৃহৎ সাক্ষিমেঘে বেষ্টিত হওয়াতে আইস, আমরাও সমস্ত বোঝা ও সহজ বাধাজনক পাপ ফেলিয়া দিয়া ধৈর্য্যপূর্ব্বক আমাদের সম্মুখস্থ ধাবনক্ষেত্রে দৌড়ি।**

যারা মারা গিয়েছেন ও আমাদের আগে চলে গিয়েছেন, তারা তাদের জীবন সাক্ষ্য আমাদের জন্য ছেড়ে রেখে গিয়েছেন। ঈশ্বরের রাজ্যের জন্য তারা যা কিছু করতে পেরেছিলেন, তারা তাই করে গিয়েছেন। এবং বর্তমানে, তারা হয়তো স্বর্গের গ্যালারি থেকে নীচে আমরা যারা এখনও জীবনের দৌড় দৌড়চ্ছি, আমাদের প্রতি তাকিয়ে রয়েছেন। সুতরাং, আমরা যেন সহ্যশক্তি সহকারে সেই দৌড় দৌড়ই যা ঈশ্বর আমাদের সামনে রেখেছেন। আমরা যা কিছু করি, সেই সবকিছুর মধ্যে তাঁকেই সন্তুষ্ট করার অবশ্যই প্রচেষ্টা করি। আমরা আমাদের দুঃখের স্থানে পড়ে থাকতে পারি না। যেখানে আমরা আমাদের প্রিয়জনদের বিদায় জানিয়েছি, সেই স্থান থেকে আমাদের অবশ্যই উঠতে হবে এবং ঈশ্বরের আহ্বানের দিকে এগিয়ে চলতে থাকতে হবে। একদিন, যারা আমাদের আগে খ্রীষ্টেতে মারা গিয়েছেন, তাদের সাথে আমরা প্রভুর সামনে দাঁড়াবো এবং এই পৃথিবীতে তাঁর রাজ্যের জন্য যা কিছু করেছি, সেই কাজের জন্য পুরস্কার গ্রহণ করবো। যারা আমাদের আগে চলে গিয়েছেন, তারা যেন আমাদেরকে বিশ্বস্ত পায়!

# আপনি কি সেই ঈশ্বরকে জানেন যিনি আপনাকে প্রেম করেন?

প্রায় 2000 বছর আগে, ঈশ্বর মানব রূপ ধারণ করে এই জগতে এসেছিলেন। তাঁর নাম হল যীশু। তিনি একটা নিষ্পাপ জীবন যাপন করেছিলেন। যেহেতু যীশু মানব রূপে ঈশ্বর ছিলেন, তিনি যা কিছু বলেছেন ও করেছেন, তার দ্বারা ঈশ্বরকে আমাদের কাছে প্রকাশ করেছেন। যে কথাগুলি তিনি বলেছিলেন, সেইগুলি ঈশ্বরের কথা। তিনি যে কাজগুলি সাধন করেছিলেন, সেইগুলি ঈশ্বরের কাজ। এই পৃথিবীতে যীশু অনেক আশ্চর্য কাজ সাধন করেছিলেন। তিনি অসুস্থদের ও পীড়িতদের সুস্থ করেছিলেন। তিনি অন্ধ মানুষদের দৃষ্টিদান করেছিলেন, বধিরদের শ্রবণশক্তি ফিরিয়ে দিয়েছিলেন, খঞ্জদের চলতে সাহায্য করেছিলেন এবং প্রত্যেক ধরণের অসুস্থতা ও ব্যাধি সুস্থ করেছিলেন। আশ্চর্য ভাবে কয়েকটি রুটিকে বৃদ্ধি করে ক্ষুধার্তদের খাইয়েছিলেন, ঝড় থামিয়েছিলেন এবং অনেক আশ্চর্য কাজ করেছিলেন।

**এই সকল কিছু আমাদের কাছে প্রকাশ করে যে ঈশ্বর উত্তম, যিনি চান যে লোকেরা যেন সুস্থ হয়, সম্পূর্ণ হয়, স্বাস্থ্যকর হয় এবং খুশী থাকে। ঈশ্বর তার লোকেদের প্রয়োজন মেটাতে চান।**

তাহলে কেনই বা ঈশ্বর মানব রূপ ধারণ করে আমাদের এই পৃথিবীতে আসার সিদ্ধান্ত নিলেন? যীশু কেন এসেছিলেন?

আমরা সকলে পাপ করেছি এবং সেই সকল কাজ করেছি যা আমাদের সৃষ্টিকর্তা ঈশ্বরের কাছে অগ্রহণীয়। পাপের পরিণাম আছে। পাপ হল ঈশ্বর এবং আমাদের মাঝে একটা দুর্ভেদ্য প্রাচীর। পাপ আমাদের ঈশ্বর থেকে পৃথক করে রেখেছে। এটা আমাদের সৃষ্টিকর্তাকে জানতে ও তাঁর সাথে এক অর্থপূর্ণ সম্পর্ক স্থাপন করতে বাঁধা দেয়। সুতরাং, আমাদের অনেকেই এই শূন্য স্থানটি অন্যান্য বিষয় দিয়ে পূর্ণ করার চেষ্টা করি।

পাপের আরও একটা পরিণাম হল ঈশ্বরের থেকে অনন্তকালের জন্য পৃথক হয়ে যাওয়া। ঈশ্বরের আদালতে, পাপের বেতন মৃত্যু। মৃত্যু হল নরকে যাওয়ার দ্বারা ঈশ্বরের থেকে অনন্তকালীন পৃথকীকরণ।

কিন্তু, আমাদের জন্য একটা সুসংবাদ আছে যে আমরা পাপ থেকে মুক্তি পেতে পারি এবং ঈশ্বরের সাথে পুনরায় সম্পর্ক স্থাপন করতে পারি। বাইবেল বলে, ***"কেননা পাপের বেতন মৃত্যু; কিন্তু ঈশ্বরের অনুগ্রহ-দান আমাদের প্রভু যীশু খ্রীষ্টেতে অনন্ত জীবন"*** **(রোমীয় 6:23)**। যীশু তাঁর ক্রুশীয় মৃত্যু দ্বারা সমস্ত পৃথিবীর পাপের মূল্য পরিশোধ করলেন। তারপর, তিন দিন পর তিনি মৃত্যু থেকে বেঁচে উঠলেন, তিনি নিজেকে জীবিত অবস্থায় অনেক মানুষের কাছে দেখা দিলেন এবং তারপর তিনি স্বর্গে চলে গেলেন।

ঈশ্বর প্রেমের ও দয়ার ঈশ্বর। তিনি চান না যে একটা মানুষও নরকে শাস্তি পাক। আর সেই কারণে, তিনি এসেছিলেন, যাতে তিনি সমুদয় মানবজাতির জন্য পাপ ও পাপের

পরিণাম থেকে মুক্তি পাওয়ার একটা পথ প্রদান করতে পারেন। তিনি পাপীদের উদ্ধার করতে এসেছিলেন—আপনার এবং আমার মতো মানুষদের পাপ থেকে ও অনন্তকালীন মৃত্যু থেকে উদ্ধার করতে এসেছিলেন।

পাপের এই ক্ষমাকে বিনামূল্যে গ্রহণ করতে গেলে, বাইবেল আমাদের বলে যে আমাদের একটা কাজ করতে হবে—প্রভু যীশু খ্রীষ্ট ক্রুশের উপর যা করেছিলেন তা স্বীকার করতে হবে এবং তাঁকেই সমস্ত অন্তঃকরণ দিয়ে বিশ্বাস করতে হবে।

***"... যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে তাঁহার নামের গুণে পাপমোচন প্রাপ্ত হয়"*** **(প্রেরিত 10:43)।**

***"কারণ তুমি যদি 'মুখে' যীশুকে প্রভু বলিয়া স্বীকার কর, এবং 'হৃদয়ে' বিশ্বাস কর যে, ঈশ্বর তাঁহাকে মৃতগণের মধ্য হইতে উত্থাপন করিয়াছেন, তবে পরিত্রাণ পাইবে"*** **(রোমীয় 10:9)।**

আপনি যদি প্রভু যীশু খ্রীষ্টকে বিশ্বাস করেন, তাহলে আপনিও আপনার পাপের ক্ষমা লাভ করতে পারেন ও শুচিকৃত হতে পারেন।

নিম্নলিখিত একটা সহজ প্রার্থনা রয়েছে যা আপনাকে প্রভু যীশু খ্রীষ্টের উপর বিশ্বাস তথা তিনি ক্রুশের উপর যা করেছেন, তা সিদ্ধান্ত নিতে সাহায্য করবে। এই প্রার্থনাটি যীশুর বিষয়ে আপনার অঙ্গীকারকে ব্যক্ত করতে ও পাপের ক্ষমা ও শুচিকরণ লাভ করতে সাহায্য করবে। এই প্রার্থনাটি একটা নির্দেশরেখা মাত্র। এই প্রার্থনাটি আপনি আপনার নিজের ভাষাতেও করতে পারেন।

*প্রিয় প্রভু যীশু, আজ আমি বুঝতে পেরেছি যে তুমি আমার জন্য ক্রুশের উপর কী সাধন করেছো। তুমি আমার জন্য মারা গেছ, তুমি তোমার বহুমূল্য রক্ত সেচন করেছ এবং আমার পাপের মূল্য দিয়েছ, যাতে আমি ক্ষমা লাভ করতে পারি। বাইবেল আমাকে বলে যে কেউ তোমার উপর বিশ্বাস করবে, সে তার পাপের ক্ষমা লাভ করবে।*

*আজ, আমি তোমাকে বিশ্বাস করার এবং তুমি আমার জন্য যা করেছো, তা গ্রহণ করার একটা সিদ্ধান্ত নিই, এবং বিশ্বাস করি যে তুমি আমার জন্য ক্রুশে মারা গিয়েছ এবং মৃত্যু থেকে পুনরুত্থিত হয়েছ। আমি বিশ্বাস করি যে আমি আমার উত্তম কাজ দ্বারা নিজেকে উদ্ধার করতে পারব না, না অন্য কোন মানুষও আমাকে উদ্ধার করতে পারবে। আমি আমার পাপের ক্ষমা অর্জন করতে পারি না।*

*আজ, আমি আমার হৃদয়ে বিশ্বাস করি এবং আমার মুখে স্বীকার করি যে তুমি আমার জন্য মারা গিয়েছ, তুমি আমার পাপের মূল্য দিয়েছ, তুমি মৃতদের মধ্যে থেকে উত্থিত হয়েছ, এবং তোমার উপর বিশ্বাস করার মধ্যে দিয়ে, আমি আমার পাপের ক্ষমা ও শুচিকরণ লাভ করি।*

*যীশু তোমাকে ধন্যবাদ। আমাকে সাহায্য কর যেন আমি তোমাকে প্রেম করতে পারি, তোমাকে আরও জানতে পারি এবং তোমার প্রতি বিশ্বস্ত থাকতে পারি। আমেন।*

# অল পিপালস্ চার্চের সম্বন্ধে একটা ভূমিকা

অল পিপালস্ চার্চ (APC) তে, আমাদের দর্শন হল বেঙ্গালুরু শহরে একটা লবণ ও জ্যোতির মতো হওয়া এবং সমগ্র ভারতবর্ষে ও পৃথিবীর অন্যান্য দেশে একটা রব হওয়া।

অল পিপালস্ চার্চ হল **যীশুকে প্রেম করা, ঈশ্বরের বাক্য কেন্দ্রিক, পবিত্র আত্মায় পূর্ণ,** পরিবার মণ্ডলী, একটি প্রস্তুতির কেন্দ্র, এক মিশন ভিত্তিক ও বিশ্বব্যাপী প্রসারিত মণ্ডলী।

- একটি **পরিবার মণ্ডলী** হিসেবে, আমরা খ্রীষ্ট-কেন্দ্রিক সহভাগীতায় একটি সম্প্রদায় হিসেবে বেড়ে উঠি, ঈশ্বরের দেহ হিসেবে পরস্পরের যত্ন নিয়ে থাকি ও প্রেম করি।
- একটি **প্রস্তুতি কেন্দ্র** হিসেবে, আমরা প্রত্যেক বিশ্বাসীকে শক্তিযুক্ত করি ও প্রস্তুত করি একটি বিজয়ী জীবনযাপন করার জন্য, খ্রীষ্টের প্রতিমূর্তি অনুযায়ী পরিপক্ক হওয়ার জন্য এবং তাদের জীবনে ঈশ্বরের উদ্দেশ্যকে পূর্ণ করার জন্য।
- এক **মিশন ভিত্তিক** হিসেবে, এই শহরটিকে, আমাদের দেশকে আশীর্বাদ করার জন্য ও ঈশ্বরের বাক্যের মধ্যে দিয়ে অন্যান্য দেশে যীশু খ্রীষ্টের সম্পূর্ণ সুসমাচার নিয়ে যাওয়ার জন্য ও পবিত্র আত্মার শক্তির অলৌকিক প্রদর্শন করার জন্য অর্থপূর্ণ পরিচর্যাতে নিজেদের নিযুক্ত করি।
- এক **বিশ্বব্যাপী প্রসারিত মণ্ডলী** হিসেবে, আমরা স্থানীয়ভাবে ও বিশ্বব্যাপীভাবে ঈশ্বরভক্ত নেতৃবৃন্দ ও আত্মায় পূর্ণ মণ্ডলীগুলিকে লালন-পালন করার দ্বারা সেবা করে থাকি, যারা ঈশ্বরের রাজ্যের জন্য তাদের অঞ্চলগুলিতে প্রভাব বিস্তার করতে পারে।

অল পিপালস্ চার্চে, ঈশ্বরের আত্মার অভিষেক ও প্রদর্শনে ঈশ্বরের সম্পূর্ণ ও আপসহীন বাক্যকে উপস্থাপন করার জন্য অঙ্গীকারবদ্ধ। আমরা বিশ্বাস করি যে ভালো সঙ্গীত, সৃজনশীল উপস্থাপনা, অসাধারণ অ্যাপলজেটিক্স, সমকালীন পরিচর্যার পদ্ধতি, আধুনিক প্রযুক্তি, ইত্যাদি কখনই ঈশ্বরের পবিত্র আত্মার শক্তিতে, চিহ্নকাজ, আশ্চর্যকাজ, পবিত্র আত্মার বরদান সহকারে, ঈশ্বরের বাক্য ঘোষণা করার ঈশ্বর দ্বারা নির্ধারিত পদ্ধতির বিকল্প হতে পারে না (I করিন্থীয় 2:4,5; ইব্রীয় 2:3,4)। আমাদের মূল বিষয় হলেন যীশু, আমাদের বিষয়বস্তু হল ঈশ্বরের বাক্য, আমাদের পদ্ধতি হল পবিত্র আত্মার শক্তি, আমাদের আবেগ হল মানুষ, এবং আমাদের লক্ষ্য হল খ্রীষ্টের মত পরিপক্কতা।

বেঙ্গালুরুতে আমাদের প্রধান কার্যালয় থাকা সত্ত্বেও, ভারতবর্ষের বিভিন্ন স্থানে অল পিপালস্ চার্চ -এর অনেক মণ্ডলী রয়েছে। অল পিপালস্ চার্চ -এর মণ্ডলীর তালিকা এবং যোগাযোগ নম্বর পেতে গেলে, আমাদের ওয়েবসাইটে **apcwo.org/locations** দেখুন, অথবা **contact@apcwo.org** এ ই-মেইল পাঠান।

# বিনামূল্যে যে পুস্তকগুলি উপলব্ধ আছে

A Church in Revival
A Real Place Called Heaven
A Time for Every Purpose
Ancient Landmarks
Baptism in the Holy Spirit
Being Spiritually Minded and Earthly Wise
Biblical Attitude Towards Work
Breaking Personal and Generational Bondages
Change
Code of Honor
Divine Favor
Divine Order in the Citywide Church
Don't Compromise Your Calling
Don't Lose Hope
Equipping the Saints
Foundations (Track 1)
Fulfilling God's Purpose for Your Life
Giving Birth to the Purposes of God
God Is a Good God
God's Word—The Miracle Seed
How to Help Your Pastor
Integrity
Kingdom Builders
Laying the Axe to the Root
Living Life Without Strife
Marriage and Family
Ministering Healing and Deliverance
Offenses—Don't Take Them
Open Heavens
Our Redemption
Receiving God's Guidance
Revivals, Visitations and Moves of God
Shhh! No Gossip!
The Conquest of the Mind
The Father's Love
The House of God
The Kingdom of God
The Mighty Name of Jesus
The Night Seasons of Life
The Power of Commitment
The Presence of God
The Redemptive Heart of God
The Refiner's Fire
The Spirit of Wisdom, Revelation and Power
The Wonderful Benefits of speaking in Tongues
Timeless Principles for the Workplace
Understanding the Prophetic
Water Baptism
We Are Different
Who We Are in Christ
Women in the Workplace
Work Its Original Design

নিয়মিত নতুন পুস্তক প্রকাশিত হয়ে থাকে। উপরের পুস্তকগুলির PDF সংস্করণ, অডিও, এবং অন্যান্য মাধ্যমে বিনামূল্যে চার্চের ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন: **apcwo.org/books** এই পুস্তকগুলির মধ্যে অনেকগুলি অন্যান্য ভাষাতেও উপলব্ধ রয়েছে। এ ছাড়াও, বিনামূল্যে অডিও ও ভিডিও-তে প্রচার শোনার জন্য, প্রচারের টীকা, এবং আরও অন্যান্য নিশুল্ক উপাদান লাভ করার জন্য আমাদের ওয়েবসাইট দেখুন: **apcwo.org/sermons**

# ক্রিসালিস কাউন্সেলিং

ক্রিসালিস কাউন্সেলিং ব্যক্তিগত পরামর্শ প্রদান করে থাকে মানুষকে জীবনের প্রতিকূলতাগুলিকে সম্মুখীন ও অতিক্রম করতে সাহায্য করার জন্য। ক্রিসালিস কাউন্সেলিং হল পেশাগত ভাবে প্রশিক্ষিত ও অভিজ্ঞ খ্রীষ্টিয় পরামর্শদাতাদের একটি দল।

আমাদের এই পরিষেবা সকল বয়সের মানুষদের জন্য উপলব্ধ রয়েছে এবং জীবনের বিভিন্ন প্রকারের প্রতিকূলতার সাথে মোকাবিলা করে থাকে।

**কৈশোর**
**ব্যক্তিগত মীমাংসা**
**সম্পর্ক সম্বন্ধীয় সমস্যা**
**পড়াশোনায় বিফলতা**
**কর্মক্ষেত্রে সমস্যা**
**পরিবার/দম্পতি: প্রাক-বিবাহ, বিবাহ**
**পিতা-মাতা/সন্তান/ভাই-বোন/সমকক্ষ**
**আচরণগত ব্যাধি**
**পার্সোনালিটি ডিসঅর্ডার**
**মনস্তাত্ত্বিক/আবেগজনিত সমস্যা**
**মানসিক চাপ/মানসিক আঘাত**
**মদ/মাদক আসক্তি**
**আধ্যাত্মিক সমস্যা**
**লাইফ কোচিং**

ক্রিসালিস কাউন্সেলিং -এর পরিষেবা ফি সাশ্রয়ী ও সহজে উপলব্ধ।

আমাদের কোন একজন প্রশিক্ষিত পরামর্শদাতার সাথে অ্যাপয়েন্টমেন্ট -এর সময় স্থির করার জন্য:

**ওয়েবসাইট: chrysalislife.org**
**ফোন:** +91-80-25452617 অথবা টোল ফ্রি (শুধুমাত্র ভারতে) 1-800-300-00998
**ই-মেইল: counselor@chrysalislife.org**

ক্রিসালিস কাউন্সেলিং **অল পিপালস্ চার্চ অ্যান্ড ওয়ার্ল্ড আউটরিচ**-এর একটি পরিচর্যা।

# অল পিপালস্ চার্চের সাথে অংশীদারিত্ব করুন

অল পিপালস্ চার্চ একটি স্থানীয় মণ্ডলী হিসেবে নিজ সীমার উর্ধ্বে গিয়ে সমগ্র ভারতবর্ষ জুড়ে পরিচর্যা করে থাকে, বিশেষ করে উত্তর ভারতে, যেখানে আমরা বিশেষ ভাবে লক্ষ্য কেন্দ্র করি (ক) নেতাদের শক্তিযুক্ত করা, (খ) পরিচর্যার জন্য যুবক-যুবতীদের তৈরি করা এবং (গ) খ্রীষ্টের দেহকে গেঁথে তোলা। যুবক-যুবতীদের জন্য বিভিন্ন প্রশিক্ষণ সেমিনার, এবং খ্রীষ্টিয় নেতাদের জন্য অধিবেশন সমস্ত বছর জুড়ে আয়োজন করা হয়ে থাকে। এ ছাড়াও, বিশ্বাসীদের বাক্যে ও আত্মায় তৈরি করার উদ্দেশ্য নিয়ে ইংরাজিতে ও অন্যান্য ভারতীয় ভাষায় কয়েক হাজার পুস্তক বিনামূল্যে বিতরণ করা হয়ে থাকে।

আমরা আপনাকে এককালীন দান প্রদান অথবা মাসিকভাবে আর্থিক দান পাঠানোর দ্বারা আর্থিকভাবে অংশীদারিত্ব করার জন্য আহ্বান জানাই। আমাদের দেশব্যাপী এই কাজের জন্য সাহায্যার্থে আপনার পাঠানো যে কোন পরিমাণ অর্থ বিশেষভাবে সমাদৃত হবে।

আপনারা আপনাদের দান চেক/ব্যাংক ড্রাফটের দ্বারা “All Peoples Church” এই নামে আমাদের কার্যালয়ের ঠিকানায় পাঠাতে পারেন। নতুবা, আপনি সরাসরি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে দান করতে পারেন। আমাদের ব্যাংক একাউন্ট নিচে দেওয়া হল:

**একাউন্টের নাম:** All Peoples Church
**একাউন্ট নম্বরঃ** 50200068829058
**IFSC কোডঃ** HDFC0004367
**ব্যাংকের নামঃ** HDFC Bank, 7M/308 80Ft Rd, HRBR Layout, Kalyan Nagar, Bengaluru, 560043, Karnataka, India

***অনুগ্রহ করে লক্ষ্য রাখবেন:*** *অল পিপালস্ চার্চ শুধুমাত্র কোনো ভারতীয় ব্যাংক থেকেই অর্থ গ্রহণ করতে পারে। যখন আপনি দান করছেন, যদি চান, তাহলে আপনি উল্লেখ করতে পারেন যে আমাদের পরিচর্যার কোন নির্দিষ্ট ক্ষেত্রের জন্য আপনি দান করছেন। অতিরিক্ত তথ্যের জন্য এই ওয়েবসাইট দেখুন:* **apcwo.org/give**

এ ছাড়াও, আমাদের জন্য ও আমাদের পরিচর্যার জন্য যখনই সম্ভব, প্রার্থনায় স্মরণে রাখবেন।

**ধন্যবাদ ও ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন!**


## DOWNLOAD THE FREE APP!

*Search for*

"All Peoples Church Bangalore"
in the App or Google play stores.

Available on the App Store

ANDROID APP ON Google play







*A daily 5-minute video devotional.*
*A daily Bible reading and prayer guide.*
*5-minute Sermon summary.*
*Toolkit with Scriptures on various topics to build faith and informatio*
*share the Gospel.*
*Resources with sermons, sermon notes, TV programs, books, music an*

# অল পিপালস্ চার্চ বাইবেল কলেজ

apcbiblecollege.org

অল পিপালস্ চার্চ বাইবেল কলেজ এবং পরিচর্যা প্রশিক্ষণ কেন্দ্র (APC-BC), যা বেঙ্গালুরুতে অবস্থিত, আত্মায় পরিপূর্ণ, অভিষিক্ত এবং পবিত্র আত্মার শক্তিতে অলৌকিক ভাবে পরিচর্যা করার ক্ষমতা প্রদান করার মধ্যে দিয়ে প্রশিক্ষণ দেয়, এবং তার সাথে নিরাময় ঈশ্বরের বাক্য শেখানো হয়। আমরা পরিচর্যার জন্য একটা ব্যক্তিকে সম্পূর্ণ ভাবে গঠন করাতে বিশ্বাস করি, যেখানে আমরা একটি ঐশ্বরিক চরিত্রে, ঈশ্বরের বাক্যে গভীরে প্রবেশ করা, এবং আশ্চর্য কাজ ও চিহ্ন কাজ দ্বারা পরিচর্যা করায় জোর দিই - যা প্রভুর সাথে একটা ঘনিষ্ঠ সম্পর্ক থেকে উত্থাপিত হয়।

APC-BC তে, নিরাময় বাক্য শেখানোর সাথে সাথে আমরা ঈশ্বরের প্রেমকে কাজে প্রকাশিত করার উপর গুরুত্ব দিই, পবিত্র আত্মার অভিষেক ও উপস্থিতি এবং ঈশ্বরের কাজের অলৌকিক কাজের উপর গুরুত্ব দিই। অনেক যুবক যুবতীরা প্রশিক্ষিত হয়ে ঈশ্বরের আহ্বান পূর্ণ করার জন্য প্রেরিত হয়েছে।

নিম্নলিখিত তিনটি কার্যক্রম আমরা প্রদান করি:

- এক বছরের Certificate in Theology and Christian Ministry (C.Th.)
- দুই বছরের Diploma in Theology and Christian Ministry (D.Th.)
- তিন বছরের Bachelor in Theology and Christian Ministry (B.Th.)

সপ্তাহের পাঁচ দিন ক্লাস নেওয়া হয়, **সোমবার থেকে শুক্রুবার, সকাল 9 টা থেকে দুপুর 12 টা পর্যন্ত**। শিক্ষা গ্রহণ করার তিনটি বিকল্প আমরা প্রদান করে থাকি।

- **চার্চ ক্যাম্পাসে:** ক্যাম্পাসের মধ্যে শারীরিক ভাবে মিলিত হয়ে ক্লাস করা।
- **অনলাইন:** অনলাইনে লাইভ লেকচারগুলিতে অংশগ্রহণ করতে পারেন।
- **ই-লার্নিং:** অনলাইন পোর্টালের মাধ্যমে নিজের সুবিধামত গতিতে শিক্ষা গ্রহণ করা। apcbiblecollege.org/elearn

অনলাইনে আবেদন করার জন্য, এবং কলেজ, পাঠ্যক্রম, অংশগ্রহণ করার জন্য যোগ্যতা, খরচ সম্বন্ধে আরও তথ্য জানার জন্য এবং আবেদন ফর্ম ডাউনলোড করার জন্য, অনুগ্রহ করে apcbiblecollege.org ওয়েবসাইট দেখুন।

কখনও না কখনও, আমাদের সবাই, মৃত্যুর সম্মুখীন হবে অথবা প্রিয়জনদের হারানোর অভিজ্ঞতা লাভ করবে। বাইবেল মৃত্যু এবং এই জীবনের পরের জীবন সম্পর্কে বর্ণনা দেয়। মৃত্যু এবং স্বর্গ সম্পর্কে বাইবেল যা কিছু শিক্ষা দেয়, সেইগুলিকে বিশ্বাস করার সিদ্ধান্ত আমি নিয়েছি। এটি আমাকে এক মহান শক্তি, সান্ত্বনা, শান্তি, সাহস ও প্রত্যয় প্রদান করে। এইগুলি আমি আপনাদের সাথে এই পুস্তকে ভাগ করে নিয়েছি। ঈশ্বরের বাক্য, যা আমাকে সান্ত্বনা প্রদান করেছিল, আপনাকেও যেন আপনার প্রয়োজনের সময়ে প্রদান করে!

**All Peoples Church & World Outreach**
#319, 2nd Floor, 7th Main, HRBR Layout,
2nd Block, Kalyan Nagar, Bangalore 560043
Karnataka, INDIA

Phone: +91-80-25452617
Email: contact@apcwo.org
Website: apcwo.org